(৩) উপ-বিধি (২) এর অধীন প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হইলে, উক্ত সিদ্ধান্ত লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিতে হইবে এবং উক্তরূপে অবহিত হইবার ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে আবেদনকারীকে নিম্নলিখিত সনদপত্র, জামানত, অংগীকারনামা বা দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবরে দাখিল করিতে হইবে, যথাঃ-

(ক) সম্পূর্নভাবে বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, ন্যূনতম দশ লক্ষ মার্কিন ডলার বা আংশিক বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে ন্যূনতম পাঁচ লক্ষ মার্কিন ডলার সমপরিমান বৈদেশিক মুদ্রা বাংলাদেশে জমা রাখিতে হইবে ও উহার সপক্ষে নগদায়ন সনদপত্র, উক্ত অর্থ বাংলাদেশে অব্যাহতভাবে ১০ (দশ) বৎসর বিনিয়োগকৃত অবস্থায় রাখিতে হইবে ও উক্ত সময়ের মধ্যে উক্ত অর্থ বাংলাদেশের বাহিরে প্রেরণ করা যাইবে না;

(খ) ফ্রেইট ফরওয়ার্ডিং ব্যবসা ব্যতীত অন্য কোন ব্যবসায় উক্ত অর্থ বিনিয়োগ করা হইলে উক্ত ব্যবসা হইতে উদ্ভূত আয় উল্লিখিত ১০ (দশ) বৎসর সময়কালের মধ্যে বিদেশে প্রেরণ করা যাইবে না মর্মে বাংলাদেশ ব্যাংকের নিকট দাখিলকৃত অংগীকারনামার সার্টিফায়েড কপি;

(গ) আংশিক বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, বিদেশী অংশীদারের শেয়ার শতকরা ৪৯ (ঊনপঞ্চাশ) ভাগের উর্ধ্বে নয় এই মর্মে বাংলাদেশ ব্যাংক ও বিনিয়োগ বোর্ডের প্রত্যয়নপত্র;

(ঘ) আংশিক বা সম্পূর্ণ বিদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, জামানত হিসাবে লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে বিদেশের আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ১০ লক্ষ মার্কিন ডলারের নিঃশর্ত ও অব্যাহত গ্যারান্টিসহ উক্ত গ্যারান্টির বিপরীতে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক হইতে অনুরূপ নিঃশর্ত ও অব্যাহত কাউন্টার গ্যারান্টি এবং বাংলাদেশ ব্যাংক হইতে উক্ত গ্যারান্টির যথার্থতার (authenticity) প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে;

(ঙ) বাংলাদেশী মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ১৫ (পনের) **লক্ষ** টাকার নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি;

(চ) Foreign Exchange Regulation Act, 1947, মোতাবেক বাংলাদেশ ব্যাংকের অনুমোদনপত্র;

(ছ) মূল্য সংযোজন কর নিবন্ধনপত্র;

(জ) বন্দর কর্তৃপক্ষের তালিকাভুক্তির সনদপত্র;

(ঝ) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সহিত দায়িত্ব পালনের অঙ্গীকারনামা।

(৪) উপ-বিধি (৩) এ উল্লিখিত সনদপত্র, জামানত, অঙ্গীকারনামা বা দলিলাদি গ্রহণযোগ্য হইলে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইলে উক্ত সিদ্ধান্ত গ্রহণের ১৫(পনের) কার্য দিবসের মধ্যে ফরম ‘খ’ তে বর্ণিত ছকে লাইসেন্স প্রদান করিবে।

